

২০১৮

বাংলা

(সাম্মানিক)

চতুর্থ পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

(নূতন পাঠক্রম)

বিভাগ — ক

পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১৫ x ৫

- ১। “ ‘রাজসিংহ’র বৃহত্তর সংঘটনের মধ্যে, ইহার যুগান্তকারী বিপ্লবের ভিতরে, সাধারণ নিয়ন্ত্রণের মানুষের কোন স্থান নাই ।” — মন্তব্যটি কতদূর সংগত তা বিচার করো।

( Turn Over )

অথবা

‘রাজসিংহ’ উপন্যাসের ঐতিহাসিকতা বিচার করো । প্রসঙ্গত  
‘ঐতিহাসিক রস’ সৃজনে উপন্যাসিকের কৃতিত্ব বিচার করো ।

- ২। ‘চোখের বালি’ উপন্যাসে ‘আঁতের কথা’র বিশ্লেষণী শিল্পরূপ  
কতখানি সার্থক হয়েছে তা পর্যালোচনা করো ।

অথবা

‘চোখের বালি’ উপন্যাসে পরিণতি কতদূর শিল্পসম্মত  
হয়েছে — তা বিশ্লেষণ করে দেখাও ।

- ৩। ‘শ্রীকান্ত’ (১ম পর্ব) অবলম্বনে শ্রীকান্ত রাজলক্ষীর পারস্পরিক  
সম্পর্কের স্বরূপ বিশ্লেষণ করো ।

অথবা

‘শ্রীকান্ত’ ভ্রমণ কাহিনী না লেখকের আত্মজীবনী তা ১ম  
পর্ব অবলম্বনে বিচার করো ।

- ৪। ‘ডানা’ উপন্যাসের গঠনশৈলী পর্যালোচনা করো ।

অথবা

‘ডানা’ উপন্যাসের বিজ্ঞানী অমরেশবাবু চরিত্রটি বিশ্লেষণ  
করো ।

- ৫। 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পের নামকরণের যথার্থতা বিচার করো ।

অথবা

আত্মজা গল্পে ফ্রায়েডীয় মনোবিকলনের যে শৈল্পিক অভিব্যক্তি ঘটেছে তা বিশ্লেষণ করো ।

বিভাগ — খ

যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ৩

- ৬। 'চোখের বালি' উপন্যাসের ঘটনাধারায় রাজলক্ষ্মীর ভূমিকা পর্যালোচনা করো ।
- ৭। 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাস অবলম্বনে নতুনদা চরিত্রটি ব্যাখ্যা করো ।
- ৮। 'মতিলাল পাদরী' গল্পে লেখকের প্রতিপাদ্য ব্যাখ্যা করো ।
- ৯। 'ভদ্রাবতীর গভীর কালো জলের তলায় রাতের অন্ধকারে কোন এক দেবী পথ হারিয়ে ফেলেছিল'—উদ্ধৃতাংশের উৎস, প্রসঙ্গ ও তাৎপর্য আলোচনা করো ।

১০। “নবজীবন পেয়েছ, তুমি জান না তুমি কার মা”- উদ্ধৃতিটির  
উৎস উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো ।

---